

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 08.11.2024**

**Time: 7.35 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) রাজ্যের ৬'টি বিধানসভা আসনের উপনির্বাচনে জোরকদমে প্রচার চলেছে।  
#কেন্দ্রীয় বাহিনী মোতায়েনে অনিয়মের অভিযোগ তুলে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে  
তৃণমূল কংগ্রেস।
- ২) RG Kar হাসপাতালে কর্তব্যরত তরণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার  
তিন মাস পূর্তিতে ফের রাজপথে প্রতিবাদ কর্মসূচীতে যোগ দিয়েছেন চিকিৎসক ও  
সমাজের বিভিন্ন স্তরের মানুষ।
- ৩) চার দিনের সফরে মুখ্যমন্ত্রী আগামীকাল উত্তরবঙ্গ যাচ্ছেন।
- ৪) জগন্মাত্রী পুজোর আজ নবমী। অষ্টমীর জনজোয়ার ভগলীর চন্দননগর ও কৃষ্ণনগরে।
- ৫) আইএসএল ভুবনেশ্বরে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ওড়িশা এফসি-র মুখোমুখি  
হবে।

---

রাজ্যের ৬'টি বিধানসভা আসনের উপনির্বাচনে প্রচারাভিযান এখন তুঙ্গে।  
সিতাই, মাদারিহাট, নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাঙ্গা বিধানসভা আসনের  
উপনির্বাচনে ভোট নেওয়া হবে ১৩'ই নভেম্বর। প্রচারের শেষদিন আগামীকাল ১১'ই

নতুনের। সব দলের নেতারাই মিটিং-মিছিল-পথসভার মাধ্যমে ভোটারদের মন জয়ের চেষ্টা চালাচ্ছেন।

বাঁকুড়ার তালডাংরা আসনে দলীয় প্রার্থীর সমর্থনে আজ ইন্দপুর, গৌড়বাজার, হালগাম, লোডডায় জনসভা করবেন রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম। এই আসনে বিজেপি প্রার্থীর হয়ে গতকাল প্রচারে যান রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আবাস সহ নানা ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ করেন তিনি।

আলিপুরদুয়ারের মাদারিহাট আসনে বিজেপির প্রার্থীর হয়ে প্রচারে অংশ নেন দার্জিলিং এর সাংসদ রাজু বিস্তা। অন্যদিকে তৃণমূল কংগ্রেসের প্রার্থীও বিভিন্ন চাবাগান এলাকায় প্রচারে অংশ নেন।

মেদিনীপুর আসনে দলীয় প্রার্থীর হয়ে গতকাল প্রচার চালান বিজেপি নেতা দিলীপ ঘোষ।

---

রাজ্যের ৬ কেন্দ্রে বিধানসভা উপনির্বাচনের আগে কেন্দ্রীয়বাহিনী মোতায়েনে অনিয়মের অভিযোগ তুলে শাসক দল তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। নতুন দিন্নিতে গতকাল কমিশনের সদর দফতরে যান তৃণমূল কংগ্রেসের ৫ সদস্যের একটি প্রতিনিধি দল। ছিলেন, সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়, ডেরেক ও'ব্রায়েন, কীর্তি আজাদ, সুস্মিতা দেব ও সাকেত গোখলে। পরে সাংবাদিকদের কাছে সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেন,

### বাইট

পাশাপাশি, অশোক স্তুতি নিয়ে সুকান্ত মজুমদারের কথিত বিতর্কিত মন্তব্যের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ারও দাবি জানানো হয়েছে।

এপ্রসঙ্গে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, তৃণুল কংগ্রেস নেতারা নিজেরাই আইন মাননে না।

## বাইট

---

RG Kar হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার তিন মাস পূর্ণ হয়েছে। এখনো বিচার মেলেনি- এই অভিযোগে গতকাল ফের পথে নেমেছেন চিকিৎসক থেকে শুরু করে সাধারণ মানুষ। ‘ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট’র ডাকে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক মিছিলে সামিল হয়েছেন বহু বিশিষ্ট ব্যক্তি।

রানী রাসমনি অ্যাভিনিউতে ‘অভয়া মঞ্চ’-এর তরফে আয়োজিত হয় ‘জনতার চার্জশিট’ কর্মসূচী। পথনাটিকা, বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচীর মধ্য দিয়ে জানানো হচ্ছে প্রতিবাদ। সমাজের সকল স্তরের মানুষ এতে অংশ নিয়েছেন।

পাশাপাশি SSKM, RG Kar সহ রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজে প্রদর্শিত হয় ‘দ্রোহের গ্যালারি’। তুলে ধরা হয় জুনিয়ার ডাক্তারদের আন্দোলনের বিভিন্ন ছবি, পোস্টার, ব্যানার।

এদিকে ২৬ জানুয়ারির মধ্যে আরজি করের ঘটনায় প্রকৃত দোষীকে ফাঁসির সাজা দিতে হবে বলে দাবি করলেন শাসকপন্থী জুনিয়র ডাক্তারেরা। উত্তর কলকাতার স্টার থিয়েটারে ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস’ অ্যাসোসিয়েশনের তরফে প্রথম কনভেনশনের আয়োজন করা হয়। হাজির ছিলেন বেশ কিছু সরকারি চিকিৎসকও। পাশাপাশি হাজির ছিলেন অধ্যাপক শিবাজীপ্রতিম বসু ও অধ্যাপক মনোজীৎ মণ্ডল।

---

তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাব কেনার জন্য সরকার টাকা দিলেও ৮৫ জন পড়ুয়া সেই টাকা পাননি বলে অভিযোগ উঠেছে। এর প্রেক্ষিতে আগামীকালের মধ্যে তাদের অ্যাকাউন্টে ট্যাব কেনার জন্য টাকা পাঠিয়ে দেওয়া হবে বলে শিক্ষা সচিব বিনোদ কুমার জানিয়েছেন। বিষয়টি নিয়ে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে। পোর্টালের কোনো সমস্যার কারণে যদি বিভাট হয়ে থাকে, তবে সেখানে প্রয়োজনীয় পরিবর্তন করা হবে বলে তিনি জানিয়েছেন।

উল্লেখ্য, সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে পাঠরত পড়ুয়াদের ট্যাব কেনার জন্য রাজ্য সরকার ১০ হাজার টাকা দিলেও পূর্ব মেদিনীপুরের চারটি স্কুলের ৬৪ জন এবং পূর্ব বর্ধমানের ২১ জন পড়ুয়া সেই টাকা পায়নি বলে রাজ্য সরকারের কাছে রিপোর্ট জমা পড়েছে।

---

চলতি অর্থবর্ষে রাজ্যের যেসব জেলা নতুন স্বনির্ভর গোষ্ঠী তৈরীর লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি, তাদের দ্রুত সেই কাজ শেষ করতে বলা হয়েছে।

জলপাইগুড়ি, ভগুনী, বাঁকুড়া, মুর্শিদাবাদের মতো ১০ টি জেলা নতুন স্বনির্ভর গোষ্ঠী তৈরীর নিরিখে সবচেয়ে পিছিয়ে। এই জেলাগুলিতে কাজ হয়েছে গড়ে ২৩ দশমিক ৫/১ শতাংশ।

‘রাজ্য গ্রামীণ আজীবিকা মিশন’ ‘প্রকল্পে চলতি অর্থবর্ষে রাজ্য জুড়ে মোট দেড় লক্ষ নতুন গোষ্ঠী তৈরীর লক্ষ্যমাত্রা রাখা হলেও, গত সাত মাসে মাত্র ৩৫ হাজার ২৬২ টি গোষ্ঠী তৈরী হয়েছে।

উল্লেখ্য, এই সকল গোষ্ঠীগুলিকে সহজ শর্তে ঝণ দেবার জন্য রাজ্য সরকার চলতি অর্থবর্ষে ৩০ হাজার কোটি টাকার জোগান নিশ্চিত করার সিদ্ধান্ত নিয়েছে।

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরবঙ্গ যাচ্ছেন। আগামীকাল বাগড়োগরা হয়ে রাতে তিনি দার্জিলিং পৌঁছবেন। মঙ্গলবার উন্নয়ন সহ একাধিক বিষয়ে জিটিএ-র সদস্য ও বিভিন্ন উন্নয়ন পর্ষদের চেয়ারম্যানদের সঙ্গে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী। বুধবার দার্জিলিং চৌরাস্তায় প্রস্তাবিত এক সরকারি অনুষ্ঠানের মধ্য থেকে তিনি সরস মেলার উদ্বোধন করবেন বলে জানা গেছে। বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী শিলিগুড়িতে পৌঁছবেন। পরের দিন কলকাতা পৌঁছে বীরসা মুন্ডার সার্ধশতবর্ষ উপলক্ষ্যে রাজারহাটের আদিবাসী ভবনে প্রস্তাবিত এক অনুষ্ঠানে তার অংশ নেওয়ার কথা।

রাজ্যে সদস্যতা অভিযানের অঙ্গ হিসেবে বিজেপি আজ বিশেষ সদস্যতা অভিযান দিবস পালন করছে। দলের রাজ্য মুখ্যপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন, সারাদেশে ২৩ সেপ্টেম্বর এই অভিযান শুরু হলেও এরাজ্য দুর্গাপূজা ও আন্দোলনের জন্য তা পিছিয়ে ২৭শে অক্টোবর থেকে শুরু হয়েছে। দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বালুরঘাটে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আলিপুরদুয়ার, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর নিজের নির্বাচনী এলাকা, প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বাঁকুড়ায় এবং দলের সাংসদ, বিধায়ক সহ সমস্ত স্তরের বিজেপি নেতা নেত্রীরা বিভিন্ন যুথে উপস্থিত থেকে এই সদস্যতা অভিযানে অংশ নেবেন। রাজ্য যে ভোটদাতারা নির্বাচনে বিজেপিকে সমর্থন করেছেন এবং ২০২১ সালের পর ভোট পরবর্তী হিংসায় যারা শহীদ হয়েছেন তাদের পরিবারের সদস্যদেরও বিজেপির সদস্য করা হবে।

গঙ্গা নদীর নাব্যতা ধরে রাখার জন্য যথাযথভাবে ড্রেজিং বা পলি তোলার কাজ করা প্রয়োজন বলে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। গতকাল পুরভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ফিরহাদ হাকিম বলেন, সমস্যা নিরসনে বিষয়টি নিয়ে দ্রুত বন্দর কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসতে চলেছে কলকাতা পুরসভা। এ ব্যাপারে পোর্ট ট্রাস্টের চেয়ারম্যানও কলকাতা পুরসভার সঙ্গে আলোচনায় আগ্রহী বলে মেয়র জানিয়েছেন। গঙ্গা নদীর পলি তোলার বিষয়টি নিয়ে ইতিমধ্যেই রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে অবগত করা হয়েছে বলে মেয়র জানিয়েছেন।

---

রাজ্য সরকার, রাইস মিলে চাল উৎপাদন মূল্য কুয়েন্টাল পিছু ১০ টাকা করে বাড়িয়েছে। এতদিন রাইস মিল মালিকরা ৩০ টাকা করে পেলেও এবার থেকে তা চাল্লিশ টাকা হবে বলে জানানো হয়েছে। গতকাল নবান্নে মুখ্যসচিব মনোজ পন্তের সঙ্গে বৈঠকে বসেন চালকল মালিকরা। সেখানে এই বিষয়ে সিদ্ধান্ত হয়। পাশাপাশি চাল বহনের যুক্ত শ্রমিকদের মজুরিও কুয়েন্টাল পিছু ২ টাকা বাড়িয়ে ১২ টাকা করা হয়েছে। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন খাদ্য দপ্তরের সচিব পারভেজ সিদ্দিকি।

---

নির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে কলকাতা পুলিশের এসটিএফ, প্রচুর আঘেয়ান্ত্র ও কার্তুজ উদ্ধার করেছে। মধ্য কলকাতার বৈঠকখানা রোড থেকে মহম্মদ ইসমাইল খান নামে এক আঘেয়ান্ত্র পাচারকারিকে গ্রেপ্তার করা হয়েছে। উদ্ধার হয়েছে তিনটি সিঙ্গল শর্টার, দুটি সেভেন এমএম সেমি অটোমেটিক পিস্টল, ৫০ রাউন্ড এইট এমএম কার্তুজ এবং ৪০ রাউন্ড সেভেন পয়েন্ট সিক্স ফাইভ এমএম কার্তুজ। ধৃত ব্যক্তি

বাড়িখন্ডের চাত্রা জেলার বাসিন্দা হলেও বর্তমানে সে কলকাতার রাজাবাজারে থাকছিল। আজ তাকে ব্যাক্ষশাল কোটে তোলা হবে।

---

বেড়াতে গিয়ে হোটেলের ঘর থেকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের এক অধ্যাপকের দেহ উদ্ধারের ঘটনায় চাপ্টল্য ছড়িয়েছে। মৈনাক পাল নামে ঐ শিক্ষক দুই বন্ধুর সাথে উত্তরাখণ্ডে বেড়াতে যান। আলমোড়ার একটি হোটেলে তাঁরা উঠেন। দীর্ঘক্ষণ হোটেলের দরজা না খোলায় পুলিশ গিয়ে দরজা ভেঙে মৈনাক বাবুর দেহ দেখতে পায়। দেহটি ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। কি ভাবে মৃত্যু পুলিশ তা তদন্ত করছে।

---

জগন্নাত্রী পুজোর আজ নবমী। হৃগলীর চন্দননগর ও ভদ্রেশ্বরে অষ্টমীর সন্ধ্যায় গতকাল মানুষের ঢল নামে। মন্ডপে মন্ডপে ছিল লস্বা লাইন। কেন্দ্রীয় জগন্নাত্রী পুজো কমিটির নিয়ন্ত্রণে চন্দননগর ভদ্রেশ্বর মিলিয়ে মোট ১৭৭ টি পুজো হয়।

নদীয়ার কৃষ্ণনগরে জগন্নাত্রী পুজো উপলক্ষে মানুষের ভিড় ছিল চোখে পড়ার মত। এখানে একদিনে পুজো হয়। প্রাচীন পুজোগুলির মধ্যে উল্লেখযোগ্য কৃষ্ণনগর রাজবাড়ির পুজো, মালোপাড়ার পুজো, বুড়িমা, মেজোমা ও ছোট মার পুজো। ঘূর্ণি এলাকায় প্রচুর থিম নির্ভর মন্ডপ রয়েছে। শান্তি শৃঙ্খলা বজায় রাখতে পুলিশের পক্ষ থেকে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

জগন্নাত্রী পুজোর প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্ব রেল আগামীকাল, মঙ্গল ও বুধবার চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। এই তিনিদিন সাতটি করে EMU লোকালের যাত্রা পথ

কলকাতা স্টেশন থেকে শুরু ও শেষ হবে। চারটি আপ ও চারটি ডাউন ট্রেন বাতিল থাকবে। ঘুরিয়ে দেওয়া হবে বেশ কয়েকটি ট্রেনের যাত্রাপথ।

---

আসন্ন ৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে এবার চলচ্চিত্র জগতের পাঁচ দিকপাল শিল্পীর জন্ম শতবার্ষিকী উদযাপন করা হবে। আগামী চার থেকে ১১ ডিসেম্বর শহরে ৩০ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আসর বসবে। একটি প্রতিবেদন –

### ভয়েসকাস্ট

---

নারী ক্ষমতায়নে কাবাডি খেলাকে তুলে ধরতে একটি স্বেচ্ছাসেবী সংগঠনের ব্যবস্থাপনায় রাজ্যের ছটি জেলায় কাবাডি প্রতিযোগিতার আয়োজন হয়। গতকাল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওপেন এয়ার থিয়েটারে প্রতিযোগিতার ফাইনালে অনূর্দ্ধ ১৪ বিভাগে সুন্দরবন ওয়ারিয়ার্স চ্যাম্পিয়ন হয়েছে। অনূর্দ্ধ ১৮ বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে বহরমপুরের উড়ান।

স্বেচ্ছাসেবী      সংস্থা      প্রাজক      আয়োজিত      এই      প্রতিযোগিতায়  
জলপাইগুড়ি, দাঙ্গিলিং, মালদহ, মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগণা ও কলকাতা থেকে ৫৩ টি  
দলের ৬৩৬ জন কিশোরী অংশ নেয়। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক  
ভাস্কর গুপ্ত প্রতিযোগিতার উদ্বোধন করেন। বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন রাজ  
শিশু অধিকার সুরক্ষা আয়োগ-এর সভাপতি তৃলিকা দাস এবং পরামর্শদাতা অনন্যা  
চক্রবর্তী।

ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে আইএসএল ফুটবলের ম্যাচে আজ মোহনবাগান সুপারজায়ান্ট, ওড়িশা এফসির বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ৬ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে মোহনবাগান লিগ তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে। ৭ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে ওড়িশা রয়েছে নবম স্থানে।

সল্টলেক স্টেডিয়ামে গত সন্ধ্যায় ইস্টবেঙ্গল ও মহামেডান স্পোর্টিং এর মধ্যে ম্যাচটি গোলশূন্য ভাবে শেষ হয়েছে। প্রথমার্ধে ইস্টবেঙ্গলের নন্দকুমার ও নাওরেম মহেশ সিং লাল কার্ড দেখলে ম্যাচের প্রায় ৭০ মিনিট ৯ জনে খেলে লাল হলুদ দল।